

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নথি নং- ৮০.০০.০০০০.২০০.৫৯.১৫১.১৭-৭২১

তারিখ : ২৯.১০.২০১৭


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ৩৭তম বিসিএস-এর লিখিত পরীক্ষার ফলাফল গত ২৫.১০.২০১৭ তারিখে প্রকাশ করা হয়েছে। ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ৮০.০০.০০০০.২০০.৫৯.১৫১.১৭-৭১৯নং প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে উপরিউক্ত প্রেস বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদমতে নিম্নোক্ত তারিখভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ অনুযায়ী বিপিএসসি ফরম-২ জমা প্রদান করতে হবে। 'বিপিএসসি ফরম-২' এবং 'পুলিশ ভেরিফিকেশন ফরম' ৩০.১০.২০১৭ তারিখ সকাল ১০:০০টা হতে কমিশনের ওয়েবসাইট-এ পাওয়া যাবে। সংগৃহীত বিপিএসসি ফরম-২ এর সকল অনুচ্ছেদ যথাযথভাবে পূরণ করে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তির ৬ থেকে ১৯ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সকল সনদ, প্রত্যয়নপত্র, ডকুমেন্টস সংযুক্ত করে কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে হাতে হাতে জমা দিতে হবে। উল্লেখ্য, বিপিএসসি ফরম-২ জমা না দিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং তার মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

রেজিস্ট্রেশন নম্বরভিত্তিক বিপিএসসি ফরম-২ জমাদানের তারিখ :

ক্রমিক নং	রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ	জমাদানের তারিখ
১.	০০০০০৯ - ০১৫০০৫ = ৪৮৯ জন	০৫.১১.২০১৭
২.	০১৫০২৮ - ০২৯১৫৫ = ৪৮৯ জন	০৬.১১.২০১৭
৩.	০২৯১৫৮ - ০৩৭৬৩১ = ৪৮৯ জন	০৭.১১.২০১৭
৪.	০৩৭৬৪৩ - ০৪৬৭০৭ = ৪৮৯ জন	০৮.১১.২০১৭
৫.	০৪৬৭১৭ - ০৫৭৫৫৫ = ৪৮৯ জন	০৯.১১.২০১৭
৬.	০৫৭৫৭১ - ০৬৬৭২৬ = ৪৮৯ জন	১২.১১.২০১৭
৭.	০৬৬৮৬০ - ০৮০১৪৭ = ৪৮৯ জন	১৩.১১.২০১৭
৮.	০৮০১৫৮ - ১০৩৯৬৩ = ৪৮৯ জন	১৪.১১.২০১৭
৯.	১০৩৯৬৭ - ২০০৭৩২ = ৪৮৯ জন	১৫.১১.২০১৭
১০.	২০০৭৪৭ - ৩১৫৫৮৪ = ৪৮৯ জন	১৬.১১.২০১৭
১১.	৩১৫৬৪৫ - ৭১৫৮৭৩ = ৪৮৯ জন	১৯.১১.২০১৭

২. কাজেই ৩৭তম বিসিএস-এর লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট থেকে বিপিএসসি ফরম-২ ডাউনলোড করে সংগ্রহের পর প্রয়োজনীয় সকল সনদ ও ডকুমেন্টসহ উপরে বর্ণিত তারিখে নিজ নিজ বিপিএসসি ফরম-২ কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে হাতে হাতে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।